

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬৩১(আগরতলা- ১৮। ১০)
আমবাসা, ১৮ অক্টোবর, ২০ ১৮

ধলাই জেলায় দুর্গাপূজা পরিদর্শনে মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব শারদোৎসব উপলক্ষে গতকাল ধলাই জেলার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করেন। পরিদর্শনকালে তাঁর সঙ্গে ছিলেন বিধায়ক পরিমল দেববর্মা, বিধায়ক শম্ভুলাল চাকমা এবং অন্যান্য আধিকারিকগণ। গতকাল সকালে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব ধলাই জেলার লংতরাইভ্যালি মহকুমার মনু ক্ষুদিরাম সংঘের ও মনুবাজার দুর্গাপূজা মন্ডপ পরিদর্শন করেন। এখানে তিনি স্থানীয় জনগণের সাথে মতবিনিময় করেন এবং সর্বত্র শান্তি-শৃঙ্খলা অক্ষুন্ন রাখার উপর গুরুত্ব আরোপ করেন। তারপর মুখ্যমন্ত্রী ছৈলেংটায় ঐকতান ক্লাব এবং ছৈলেংটা বাজার কমিটির দুর্গাপূজা মন্ডপ পরিদর্শন করেন। ছৈলেংটা ঐকতান ক্লাবের সংবর্ধনা অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বয়স্ক ও দুঃস্থদের মধ্যে বস্ত্র বিতরণ করেন। এই অনুষ্ঠানে এলাকার বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন। এছাড়াও মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব গতকাল দুপুরে আমবাসা মহকুমার আমবাসা রামকৃষ্ণ সেবাসদন আশ্রম এবং আমবাসা নতুনপল্লি সামাজিক সংস্থার দুর্গাপূজা মন্ডপ পরিদর্শন করেন।
